দৈনিক ইত্তেফাক

9 FEB 2017

# ছাত্রদের সামাজিকতা মানবিকতা সহিষ্ণুতা শিক্ষা দিতে হবে

---------------- রাষ্ট্রপতি

শুধুমাত্র পাঠ্যসূচী অনুযায়ী শিক্ষা নয়, বরং শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিকতা, মানবিকতা ও সহিষ্ণুতার শিক্ষা দেবার তাগিদ দিয়েছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। তিনি বলেন, সম্প্রতি বিশ্বের বিভিন্ন প্রান্তের সাথে আমাদের দেশেও কিছু বিপথগামী তরুণের আচার-আচরণ সমাজকে ভীষণভাবে নাড়া দিয়েছে। শিক্ষার্থী ও অভিজাত পরিবারের সন্তানদের জঙ্গীবাদের মত উগ্র সমাজ ও ধর্ম বিরোধী কার্যক্রমে জড়ানো আমাদের গভীরভাবে উদ্বিগ্ন করে। তাই শিক্ষার্থীদের নিয়মিত সমাজ ভাবনায় উজ্জীবিত করা, দায়িত্বশীলতা ও সহিষ্ণুতা অর্জনের শিক্ষা দিতে অভিভাবক ও শিক্ষকদের প্রতি তিনি আহ্বান জানান।

গতকাল বুধবার রাজধানীর আফতাব নগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত ১৬তম সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি আবদুল হামিদ এসব কথা বলেন। এবারের সমাবর্তনে আন্ডার গ্রাজুয়েট ও গ্রাজুয়েট প্রোগ্রামের ২০৭২ জন শিক্ষার্থীকে সনদ তুলে দেয়া হয়। এছাড়া অনন্য মেধাবী চারজন শিক্ষার্থীকে স্বর্ণ পদক পরিয়ে দেন রাষ্ট্রপতি।

সমাবর্তনে বক্তা ছিলেন, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন পদার্থ বিজ্ঞানী, যুক্তরাষ্ট্রের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের অধ্যাপক ড. এম জাহিদ হাসান। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান এবং বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারপার্সন, শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী, গ্রাজুয়েট ও তাদের অভিভাবকরা অংশ নেন। -প্রেস বিজ্ঞপ্তি